আল্লাহর পথে এক সকাল বা এক সন্ধ্যা অতিক্রান্ত করা, সূর্য যার উপর উদয় ও অস্ত যায় তাতে যা রয়েছে তা হতে উত্তম।

আবূ আইউব আল-আনসারী রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “আল্লাহর পথে এক
সকাল বা এক সন্ধ্যা অতিক্রান্ত করা, সূর্য যার উপর উদয় ও অস্ত যায় তাতে যা রয়েছে তা
হতে উত্তম।” আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “আল্লাহর পথে এক সকাল
বা এক সন্ধ্যা অতিক্রান্ত করা, পৃথিবী ও তার মধ্যস্থিত যাবতীয় বস্তু অপেক্ষা
উত্তম।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীস দু’টি আল্লাহর রাস্তায় জিহাদ করার ফযীলতকে স্পষ্ট করে। যদিও তা কম সময়— যেমন এক সকাল বা এক বিকাল হয়। কম সময়ের ফযীলত যদি এত হয়, তাহলে বেশি সময় জিহাদ করা যাতে রয়েছে দুশমনের সাথে মুকাবালা করা এবং তাদের সাথে যুদ্ধ করা তার ফযীলত কত বেশি হবে। এখানে আল্লাহর রাস্তায় জিহাদ দ্বারা এটিই উদ্দেশ্য, তা হলো কাফিরদের সাথে হাত দ্বারা যুদ্ধ করা। এ কথা আমাদের অবশ্যই জানতে হবে যে, শর‘ঈ ইলম শিক্ষা করা আল্লাহর রাস্তায় জিহাদের বড় একটি অধ্যায়। হককে প্রতিষ্ঠিত করা, যিনদীক, নাস্তিক ও পশ্চিমাগোষ্ঠীকে যারা ইসলামের বিরুদ্ধে অবিরাম যুদ্ধ করছে এবং ইসলামকে নিঃশেষ করতে চায়, তাদের প্রমাণাদিকে খন্ডন করা আল্লাহর রাস্তায় বড় ধরনের জিহাদ। জিহাদের উদ্দেশ্য হলো ইসলামকে প্রতিষ্ঠিত করা ও দীনের সাহায্য করা। সুতরাং তাদের পরিশ্রম অবশ্যই বড় ধরনের জিহাদের অর্ন্তভুক্ত। হে আল্লাহ তুমি মুসলিমদেরকে দীনের সাহায্য করা এবং কালিমাকে সমুন্নত করার তাওফীক দান কর। নিশ্চয় তুমি নিকটবর্তী ও দোয়া কবুলকারী।

https://sunnah.global/hadeeth/bn/show/2973